

২০২৬

বাংলা — সাম্মানিক

পত্র : DSCC-2

(বর্ণনামূলক ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা-১)

পূর্ণমান - ৭৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) বাংলা ব্যঞ্জনধ্বনিগুলির উচ্চারণ স্থান ও উচ্চারণ প্রকৃতিগত শ্রেণিবিন্যাস করো। ৮+৭
- অথবা
- (খ) বাংলা শব্দভাণ্ডারে তৎসম, তদ্ভব ও অর্ধতৎসম শব্দের উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করো। ৫+৫+৫
- ২। (ক) নিম্নলিখিত **যে-কোনো তিনটি** বিষয় সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো—
স্বরসঙ্গতি, অপিনিহিতি, স্বতোনাসিকীভবন, বর্ণ বিপর্যাস ৫+৫+৫
- অথবা
- (খ) বাংলা শব্দার্থ পরিবর্তনের বিভিন্ন ধারাগুলি যথাযথ উদাহরণসহ বিশ্লেষণ করো। ১৫
- ৩। (ক) ভাষাবিজ্ঞানে বচন বলতে কী বোঝো? বাংলা ভাষায় বচনের প্রকারভেদ আলোচনা করে, তাদের রূপগত বৈচিত্র্যের পরিচয় দাও। ৫+১০
- অথবা
- (খ) সমাস কাকে বলে? বাংলা ভাষায় কত ধরনের সমাস হয় উদাহরণসহ সংজ্ঞা দাও। ৫+১০
- ৪। (ক) টীকা লেখো : জোড়কলম শব্দ। ৫
- অথবা
- (খ) সম্মুখ স্বরধ্বনি বলতে কী বোঝো, উদাহরণসহ সংক্ষেপে আলোচনা করো। ৫
- ৫। (ক) টীকা লেখো : সমীভবন। ৫
- অথবা
- (খ) বঙ্গালী উপভাষার পাঁচটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো। ৫

Please Turn Over

(7430)

৬। যে-কোনো একটি বিষয় সম্পর্কে আলোচনা করো :

৫×১

(ক) নিত্যবৃত্ত অতীত কাল।

(খ) অধিকরণ কারক।

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) একটি প্রসারিত স্বরের উদাহরণ দাও।

(খ) বাংলা ভাষায় ‘রেস্তোরাঁ’ কী ধরনের শব্দ?

(গ) ‘ভাষার ইতিবৃত্ত’ বইটির লেখক কে?

(ঘ) সংস্কৃত কৃৎ প্রত্যয়যোগে গঠিত একটি বাংলা শব্দের উদাহরণ দাও।

(ঙ) ‘গামোছা’ > ‘গামছা’ — কী ধরনের ধ্বনি পরিবর্তনের উদাহরণ?

(চ) একটি স্বরভঙ্গির উদাহরণ দাও।

(ছ) নদিয়া জেলায় বাংলার কোন উপভাষা প্রচলিত?

(জ) লিঙ্গ নির্ণয় করো— ‘সন্তান’।

(ঝ) অধোরেখাঙ্কিত পদের কারক ও বিভক্তি নির্ণয় করো : ‘অন্ধজনে দেহো আলো’।

(ঞ) ‘দশানন’ শব্দের ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো।

(ট) বাংলা ভাষায় ‘রিকশা’ শব্দটি কোন বিদেশি ভাষা থেকে আগত?

(ঠ) একটি সংযোজক অব্যয়ের উদাহরণ দাও।

(ড) বাংলা শব্দভাণ্ডারে একটি অনূদিত ঋণের উদাহরণ দাও।

(ঢ) ‘শুক’ শব্দের লিঙ্গান্তর করো।

(ণ) ‘আকাশের ঠিকানায় চিঠি লিখো’ — বাক্যটির ক্রিয়ার কাল নির্ণয় করো।